



BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)

"Made in Bangladesh with Pride"

BGMEA Complex, House # 7/7A, Block # H 1, Sector 17, Uttara, Dhaka-1230.

Ref: বিজিএ/মেলা/২০২১/৯৬৭

২৫ সেপ্টেম্বর ২০২১

সম্মানিত সদস্যদের জন্য

বিষয়ঃ আগামী ২৮-৩০ নভেম্বর, ২০২১ সময়ে দুবাই, ইউএই তে অনুষ্ঠিতব্য "International Apparel & Textile Fair", শীর্ষক মেলায় অংশগ্রহণের সময়সীমা বর্ধিতকরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে সূত্র নং বিজিএ/মেলা/২০২১/১৪৯ তারিখ ২ সেপ্টেম্বর ২০২১ ইং এর মাধ্যমে মেলায় অংশগ্রহণের জন্য আবেদনপত্র প্রেরণের শেষ তারিখ ১৮/০৯/২১ উল্লেখ করা হয়েছিলো। ইপিবি হতে প্রাপ্ত পত্র নং ২৬.০২.০০০০.০৩১.৫৮.৬২০.২১-২০৭ তারিখ ২২ সেপ্টেম্বর ২০২১ ইং অনুযায়ী উক্ত মেলায় অংশগ্রহণের জন্য আবেদন পত্র জমা দানের সময়সীমা বর্ধিত করা হয়েছে।

উক্ত মেলায় ১২ বর্গমিটার বুথের অংশগ্রহণ ফি টাকা ৪, ২৮,৪০০.০০ (চার লক্ষ আটশ হাজার চার শত) মাত্র নির্ধারণ করা হয়েছে, প্রতিষ্ঠানের সক্ষমতা অনুযায়ী অগ্রাহী অংশগ্রহণকারী প্রতিষ্ঠান সমূহকে বুথ মূল্যের উপর ইপিবি কর্তৃক নির্ধারিত হারে ভর্তুকি প্রদান করা হবে।

উক্ত মেলায় অংশগ্রহণে অগ্রাহী বিজিএমইএ'র সম্মানিত সদস্যদের ইপিবি'র নির্ধারিত ফরমে প্রয়োজনীয় তথ্যাদি, নিম্নে বর্ণিত কাগজপত্র ও পে-অর্ডারসহ আবেদন আগামী ০৮/১০/২০২১ ইং তারিখের মধ্যে বিজিএমইএ'র মেলা শাখায় (৩য় তলা) দাখিলের জন্য বিশেষভাবে অনুরোধ করা হল:

ক। অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের নাম, ঠিকানা, টেলিফোন, মোবাইল, ই মেইল ও ফ্যাক্স নাম্বারসহ লেটার হেড প্যাডে আবেদন করতে হবে।

খ। মেলায় অংশগ্রহণের জন্য মনোনীত ব্যক্তির দুই কপি ছবিসহ নাম ও পদবী উল্লেখ করতে হবে। মনোনীত ব্যক্তি কে অবশ্যই কোম্পানীর সক্রিয় শেয়ার হোল্ডার ডাইরেক্টর হতে হবে।

গ। মনোনীত ব্যক্তির পাসপোর্টের ফটোকপি এবং বিভিন্ন দেশে ভ্রমণের ভিসাপাতাসহ ফটোকপি পাঠাতে হবে।

ঘ। যেসব পণ্য মেলায় প্রদর্শন করা হবে তার নাম (নীট, ওভেন ও সুয়েটার উল্লেখ পূর্বক) তালিকা সংযুক্ত করতে হবে।

ঙ। বিগত এক বছরের পিআরসি'র ফটোকপি দিতে হবে।

চ। কোম্পানী প্রোফাইল দিতে হবে।

ছ। মেমোরেন্ডাম এন্ড আর্টিকেলস অফ এসোসিয়েশন দিতে হবে।

জ। ইআরসি, টেড লাইসেন্স, আয়কর ও ভ্যাট সার্টিফিকেটের ফটোকপি দিতে হবে।

এ ব্যাপারে প্রয়োজনীয় তথ্যের জন্য নিম্নোক্ত কর্মকর্তাদের সাথে যোগাযোগ করা যেতে পারেঃ

১. মোঃ মজিবুর রহমান শাহীন, উপ-সচিব, মেলা শাখা, বিজিএমইএ, মোবাইলঃ ০১৮১৭-০৪৯৯৯৯


২. সিজান মাহমুদ প্লাবী, নির্বাহী, মেলা শাখা, বিজিএমইএ, মোবাইলঃ ০১৭২৭-৬৫৬৯৯৭

সংযুক্তিঃ

১। ইপিবি'র পত্র।

২। মেলায় অংশগ্রহণের জন্য ইপিবি'র আবেদন ফর্ম।

ধন্যবাদান্তে,


মোঃ ফয়জুর রহমান
মহাসচিব



রপ্তানি উন্নয়ন ব্যুরো
মেলা ও প্রদর্শনী বিভাগ
টিসিবি ভবন ১, কাওরান বাজার
ঢাকা।



নং- ২৬.০২.০০০০.০৩১.৫৮.৬২০.২১-২০৭

তারিখঃ ০৭ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ
২২ সেপ্টেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ আগামী ২৮-৩০ নভেম্বর, ২০২১ সময়ে দুবাই, ইউএই -তে অনুষ্ঠেয় International Apparel & Textile Fair শীর্ষক মেলায় অংশগ্রহণের জন্য সময় বর্ধন।

উপর্যুক্ত বিষয়ে সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, আগামী ২৮-৩০ নভেম্বর ২০২১ সময়ে Dubai World Trade Centre এ International Apparel & Textile Fair, Dubai শীর্ষক মেলা অনুষ্ঠিত হবে। উক্ত সময়ে Expo 2020 Dubai অনুষ্ঠিত হবে বিধায় ২৫ মিলিয়নের বেশি দর্শক আকৃষ্ট করা যাবে বলে আশা করা যাচ্ছে। মেলায় ফ্যাশন ফেরিক্স, তৈরী পোশাক, হ্যান্ডব্যাগ, ফুটওয়্যার এবং ক্লথিং এক্সেসরিজ পণ্য প্রদর্শন করা যাবে। এছাড়া Middle East and North Africa (MENA) অঞ্চলের ক্রেতাদের সাথে সংযোগ স্থাপনের জন্য এ মেলাটি একটি প্লাটফর্ম।

০২। আলোচ্য ইভেন্টে ১২ বর্গমিটার বুথের অংশগ্রহণ ফি টাকা ৪,২৮,৪০০.০০ (চার লক্ষ আটশ হাজার চারশত) মাত্র নির্ধারন করা হয়েছে। প্রতিষ্ঠানের সক্ষমতা অনুযায়ী আগ্রহী অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহকে বুথ মূল্যের উপর নিম্নরূপভাবে ভর্তুকি (Subsidy) প্রদান করা হবে।

০১) তৈরী পোশাক রপ্তানিকারক প্রতিষ্ঠানের ক্ষেত্রেঃ


ক্রমিক নং	রপ্তানি আয় (মিলিয়ন মার্কিন ডলার)	ক্যাটাগরী	ইপিবি'র দেয় সর্বোচ্চ সহায়তা শতকরা
০১	১০ এর উপরে	'ক'	২০%
০২	০৫-১০	'খ'	৩৫%
০৩	০৫ এর নিচে	'গ'	৪৫%
০৪	প্রারম্ভিক (কোন রপ্তানি নাই)	'ঘ'	৫০%

০২) অন্যান্য খাতের প্রতিষ্ঠানের ক্ষেত্রেঃ

ক্রমিক নং	রপ্তানি আয় (মিলিয়ন মার্কিন ডলার)	ক্যাটাগরী	ইপিবি প্রদেয় সর্বোচ্চ সহায়তার শতকরা হার
০১।	রপ্তানিকারক সকল প্রতিষ্ঠানের জন্য	"ক"	৪০%
০২।	প্রারম্ভিক (কোন রপ্তানি নেই)	"খ"	৫০%

০৩। প্রস্তাবিত মেলায় অংশগ্রহণের লক্ষ্যে আগ্রহী স্বনামধন্য রপ্তানিকারক প্রতিষ্ঠানসমূহ হতে আবেদনপত্র আহবান করা যাচ্ছে। আগ্রহী অংশগ্রহণকারীগণকে ব্যুরোর নির্ধারিত আবেদন ফরম পূরণপূর্বক আবেদনপত্রে উল্লেখিত ডকুমেন্ট সংযুক্ত করে পে-অর্ডার সহযোগে আগামী ১০ অক্টোবর ২০২১ তারিখের মধ্যে মেলা ও প্রদর্শনী বিভাগে জমা প্রদানের জন্য পুণরায় অনুরোধ জানানো হলো। উল্লেখ্য, আবেদন ফরম ব্যুরোর ওয়েবসাইট www.epb.gov.bd থেকে সংগ্রহ করা যাবে।

০৪। ভিসা ইস্যু সম্পূর্ণই দূতাবাসের নিজস্ব বিবেচনা বিধায় কোন কারণে কোন প্রতিনিধি ভিসা প্রাপ্ত না হলে রপ্তানি উন্নয়ন ব্যুরোর উপর দায়দায়িত্ব বর্তাবে না। কোন প্রতিষ্ঠান নির্বাচিত হওয়ার পর কোন কারণে মেলায় অংশগ্রহণ না করলে অংশগ্রহণ ফি ফেরতযোগ্য নয়। তবে কোন আবেদনকারী প্রতিষ্ঠানকে মনোনীত করা না হলে তাদের অংশগ্রহণ ফি বাবদ দাখিলকৃত পে-অর্ডার ফেরত দেওয়া হবে।


(আবু মোখলেছ আলমগীর হোসেন)
উপ-পরিচালক (মেলা ও প্রদর্শনী)

বিতরণ : সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. নির্বাহী পরিচালক, জুট ডাইভারসিফিকেশন প্রোমশন সেন্টার, ১৪৫ মনিপুরি পারা, তেজগাঁও, ঢাকা।
২. সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (৬০, মতিঝিল সি/এ, ঢাকা। ইমেইল-fbcci@bol-online.com
৩. সভাপতি, বিজিএমইএ, বিজিএমইএ কমপ্লেক্স (৩য় তলা), হাউজ নং-৭/৭এ, সেক্টর- ১৭, ব্লক-এইচ, উত্তরা, ঢাকা।
৪. সভাপতি, বাংলাদেশ নীটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিকেএমইএ), প্ল্যানার্স টাওয়ার (১৩তলা), ১৩/এ, সোনারগাঁও রোড, ঢাকা।
৫. সভাপতি, বাংলাদেশ টেক্সটাইল লিলেন ম্যানুঃ এন্ড এক্সপোর্টার্স এসোসি, পল্টন টাওয়ার, ৮৭ পুরানা পল্টন লেন (সোউথইস্ট কর্নার), ঢাকা।
৬. সভাপতি, বাংলাদেশ টেক্সটাইল মিলস এসোসিয়েশন, ইউনিক ড্রেড সেন্টার (লেভেল-৮), ৮, পাশুপথ, কাওরান বাজার, ঢাকা। btmasg@gmail.com
৭. চেয়ারম্যান, বাংলাদেশ জুট গুডস এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজেজিইএ), এ এন্ড এ টাওয়ার ১৭৩, আরামবাগ (৪র্থ তলা), মতিঝিল, ঢাকা। ইমেইল: bjgea2016@gmail.com, info@bjgea.org.bd
৮. সভাপতি, বাংলাদেশ জুট স্পিনার্স এসোসিয়েশন, ৫৫, এ পুরানা পল্টন (৪র্থ তলা), ঢাকা, বাংলাদেশ। E-mail: bjsa-bd@yahoo.com
৯. President, Bangladesh Garments Accessories & Packaging Manufacturers & Exporters Association (BGAPMEA) Sonatori Tower(9th Flr) 12 Sonargaon Link Road, Banglamotor, Dhaka-1000 Email: bgapmea@gmail.com
১০. সভাপতি, বাংলাদেশ ফিনিসড লেদার, লেদার গুডস এন্ড ফুটওয়্যার এক্সপোর্টার্স এসোসিয়েশন, হাউজ নং- ৩২/এ, রোড নং ২, ফ্লাট বি-২, ধানমন্ডি আ/এ, ঢাকা।
১১. সভাপতি, লেদার গুডস এন্ড ফুটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন অব বাংলাদেশ, ১৮, কামাল আর্থাটুক এডিনিউ, ইরেস্টরস হাউজ (১০ম তলা) বনানী বা/এ, ঢাকা। E-mail: blmea@banglamall.net, info@lmea.org
১২. প্রোগ্রামার, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (বিজ্ঞপ্তিটি ব্যুরোর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহকারে)।